শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৭-৫৮২ তারিখ:১৪.০৮.২০১৮ খ্রি.।

বিষয়: নেত্রকোনা জেলা সদর উপজেলাধী মদনপুর শাহ সুলতান আলিম মাদরাসার চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: হুমায়ুন কবীর, (ইনডেক্স নং-৬৪২১২৮৮) জন্ম তারিখ এমপিও সিটে সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

নিম্নোক্ত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মদনপুর শাহ সুলতান আলিম মাদরাসার চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: হুমায়ুন কবীর, (ইনডেক্স নং-৬৪২১২৮৮) জন্ম তারিখ সংশোধনের জন্য সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার বরাবর আবেদন করা হয়।

০২. অধ্যক্ষ এর আবেদন জেলা শিক্ষা অফিসার কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. তাঁর (জেলা শিক্ষা অফিসার) আবেদনের প্রেক্ষিতে নিম্নোক্তরূপে সংশ্লিষ্ট চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: হুমায়ুন কবীর এর জন্ম তারিখ সংশোধন করা প্রয়োজন-

| ক্রমিক নং | নাম, পদবী,প্রতিষ্ঠানের নাম | ডকেট নম্বর ও প্রাপ্তি তারিখ | এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ | দাখিল/মাধ্যমিক স্কুল সনদে উল্লিখিত জন্ম তারিখ | পরযালোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ০১ | মো: হুমায়ুন কবীর, (ইনডেক্স নং-৬৪২১২৮৮), এম.এল.এস.এস, মদনপুর শাহ সুলতান আলিম মাদরাসা, উপজেলা-সদর, নেত্রকোনা। | ১০৯৩৩<br>১৫.১০.২০১৭ | ০১.০১.১৯৫৫ | ৮ম শ্রেণির সনদে/প্রশংসা পত্রে উল্লিখিত জন্ম তারিখ-০৯.১১.১৯৮০ | জনাব মো: হুমায়ুন কবীর, (ইনডেক্স নং-৬৪২১২৮৮), এম.এল.এস.এস, মদনপুর শাহ সুলতান আলিম মাদরাসা এর এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০১.১৯৫৫ মুদ্রিত আছে। অপরদিকে জন্ম তারিখ প্রমানক ৮ম শ্রেণির সনদে/প্রশংসা পত্রে তাঁর জন্ম তারিখ ০৯.১১.১৯৮০ উল্লেখ আছে।<br>এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ (০১.০১.১৯৫৫) ও জন্ম তারিখ প্রমানক ৮ম শ্রেণির সনদে/প্রশংসা পত্রে উল্লিখিত জন্ম তারিখ (০৯.১১.১৯৮০) ভিন্ন হওয়ায় জন্ম তারিখ প্রমানক ৮ম শ্রেণির সনদে/প্রশংসা পত্রে উল্লিখিত জন্ম তারিখ (০৯.১১.১৯৮০) অনুযায়ী এমপি শীটে জন্ম তারিখ সংশোধনের জন্য অধ্যক্ষ কর্তৃক জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে।<br>দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোনায় দেখা যায় যে, জনাব মো: হুমায়ুন কবীর ১৯৯৯ সালে এম.এল.এস.এস পদে যোগদান করেন এবং ২০০০ সালে প্রথম এমপিওভুক্ত হন। ১ম এমপিও সিটেই (১৯৯৯খ্রি:) তাঁর জন্ম তারিখ ০১.০১.১৯৫৫ মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যহত আছে।<br>বিষয়োক্ত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাকিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তথ্য থেকে জানা যায় যে, জন্ম তারিখ সংশোধনের নিমিত্ত বিগত ১৫.০৪.২০১৪ তারিখে মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হয় যার ডকেট নং- ৫০৭৪, তারিখ: ২১ এপ্রিল,২০১৪ (কপি সংযুক্ত)।<br>অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে মাউশি অদধদপ্তর কর্তৃক ১জি-০৪ বিঃ/১১/৪৩৭৬/৩, তারিখ: ২০.০৭.১২০১৪ খ্রি: স্মারকে অধ্যক্ষ বরাবর "অধ্যক্ষসহ উল্লিখিত চতুর্থ শ্রেণির কর্চারীকে জন্ম তারিখ সংশোধনের প্রামান্য সকল কাগজ-পত্রসহ সহকারী পরিচালক (বিশেষ) মহোদয়ের নিকট উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো" মর্মে একটি পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।<br>মাউশির উক্ত পত্রানুযায়ী অধ্যক্ষ তাঁর সংশ্লিষ্ট চতুর্থ শ্রেণির কর্চারীসহ মাউশি অধিদপ্তরে সাক্ষাৎ করেন মর্মে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।<br>পরবর্তীতে মাউশি অদধদপ্তর কর্তৃক ১জি-০৪ বিঃ/১১/৭৫৬৯/২, তারিখ: ১৬.১১.২০১৪ খ্রি: স্মারকে প্রধান শিক্ষক, মদনপুর শাহ সুলতান উচ্চ বিদ্যালয় বরাবর "মো: হুমায়ুন কবীরের ৮ম শ্রেণির সনদ এর সঠিকতা যাচাই পূর্বক দাখিল করার জন্য নির্শশক্রমে অনুরোধ করা হলো" মর্মে একটি পত্র প্রেরণ করা হয়।<br>মাউশির নির্দেশনার প্রেক্ষিতে প্রধান শিক্ষক, মদনপুর শাহ সুলতান উচ্চ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | বিদ্যালয় কর্তৃক জনাব হুমায়ুন কবীরের জন্ম তারিখের সঠিকতা যাচাইপূর্বক একটি পত্র মাউশি অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।<br>**উল্লেখ্য যে, প্রধান শিক্ষক, মদনপুর শাহ সুলতান উচ্চ বিদ্যালয়** কর্তৃক **জনাব হুমায়ুন কবীরের জন্ম তারিখের সঠিকতা যাচাই সংক্রান্ত পত্রে তাঁর (জনাব হুমায়ুন কবীর) জন্ম তারিখ ০৯.১১.১৯৮০ উল্লিখিত হয়েছে।**<br>কিন্তু মাউশি কর্তৃক জনাব হুমায়ুন কবীরের জন্ম তারিখ সংশোধনের বিষয়ে কোন পদক্ষেপ না নেওয়ার কারণে বিষয়টি পেন্ডিং থাকায় অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরে আবেদন করা হয়।<br>আবেদনের সাথে সংযুক্ত জন্ম তারিখ প্রমাণক ৮ম শ্রেণির সনদে/প্রশংসা পত্রসহ সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রে তাঁর নাম "মো: হুমায়ুন কবীর ও তাঁর পিতার নাম আব্দুল বারেক) এক ও অভিন্ন পরিলক্ষিত হয়েছে।<br>আবেদনের সাথে সংযুক্ত জনাব "মো: হুমায়ুন কবীর-এর ১ম এমপিও শীটে জানুয়ারী, ২০০০) ও ২০১৪ সালের এমপিও শীটে তাঁর নামের বিপরীতে অভিন্ন ইনডেক্স নম্বর (৬৪২১১২৮৮)পরিলক্ষিত হয়েছে।<br>উল্লেখ্য যে, জনাব মো: হুমায়ুন কবীর-এর জন্ম তারিখ **০১.০১.১৯৫৫ হলে** ২০১৫ সালে তাঁর বয়স ৬০ বছর দাঁড়ায় এবং ২০১৮ সালে তাঁর বয়স ৬০ বছর দাঁড়ায়।<br>বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মো: হুমায়ুন কবীর-কে ব্যক্তিগত ভাবে এ দপ্তরে হাজির হওয়ার জন্য অনুরোধের প্রেক্ষিতে জনাব মো: হুমায়ুন কবীর ৩০.০৭.২০১৮ খ্রি, তারিখে এ অধিদপ্তরে উপস্থিত হয়। জনাব মো: হুমায়ুন কবীর এর স্ব-শরীরে উপস্থিতি কালে তাঁর (জনাব মো: হুমায়ুন কবীর) বাহ্যিক অবয়ব প্রর্যোবেক্ষণে তাঁকে (জনাব মো: হুমায়ুন কবীর) ৬৩ বছর বয়সী মর্মে মোটেও প্রতীয়মান হয়নি বরং তাঁকে (জনাব মো: হুমায়ুন কবীর) ৪০ বছরের নীচের বয়সী মর্মে বাহ্যিক ভাবে প্রতীয়মান হয়েছে। বিধায় এমপিও সিটে তাঁর (জনাব মো: হুমায়ুন কবীর) জন্ম তারিখ সংক্রান্ত ভুলটি করণিক ভুল মর্মে প্রতীয়মাণ হয়।<br>সিদ্ধান্ত: উপরিউক্ত মতে ৮ম শ্রেণির সনদে/প্রশংসা পত্রে উল্লিখিত জন্ম তারিখ-(০৯.১১.১৯৮০) অনুযায়ী তাঁর {(জনাব মো: হুমায়ুন কবীর, (ইনডেক্স নং-৬৪২১১২৮৮)} জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদন মঞ্জুর করা হলো। |

০৪.এমতাবস্থায় নেত্রকোনা জেলা সদর উপজেলাধী মদনপুর শাহ সুলতান আলিম মাদরাসার চতুর্থ শ্রেণির কর্মচারী মো: হুমায়ুন কবীর, (ইনডেক্স নং-৬৪২১১২৮৮) এর জন্ম তারিখ উপরিউক্ত মতে এমপিও শীটে সংশোধনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

১৪.০৮.১৮

(মো: বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৪১০৩০১৫৯

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ:প্রোগ্রামার-১, ই,এম,আই,এস সেল,মাউশি অধিদপ্তর।
অনুলিপি:
১.সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল।
৩.জেলা শিক্ষা অফিসার,নেত্রকোনা।
৫.অফিস কপি।

পৃষ্ঠা-০১

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৭-৫৮৬ তারিখ:১৪.০৮.২০১৮ খ্রি.।

বিষয়: নিম্নোক্ত দু'টি বেসরকারি মাদরাসার শিক্ষকগণের জন্ম তারিখ সংশোধন প্রসঙ্গে।

নিম্নোক্ত দু'টি মাদরাসার অধ্যক্ষগণ কর্তৃক স্ব-স্ব মাদরাসার শিক্ষক-কর্মচারীগণের জন্ম তারিখ সংশোধনের জন্য সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার বরাবর আবেদন করা হয়।

০২. অধ্যক্ষগণের আবেদনগুলো জেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. তাঁদের (জেলা শিক্ষা অফিসারগণ) আবেদনের প্রেক্ষিতে নিম্নোক্তরূপে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণের জন্ম তারিখ সংশোধন করা প্রয়োজন-

| ক্রমিক নং | নাম, পদবী,প্রতিষ্ঠানের নাম | ডকেট নম্বর ও প্রাপ্তি তারিখ | এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ | দাখিল/মাধ্যমিক স্কুল সনদে উল্লিখিত জন্ম তারিখ | পরযালোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ আব্দুল হামিদ (ইনডেক্স নং-০৫৩৯৯৮), এবতেদায়ী প্রধান, লোহাদী দারুল উলুম বালিকা আলিম মাদরাসা, কাপাসিয়া, গাজীপুর। | ১১৫৫৩<br>০১.১১.২০১৭ | ০১.০৩.১৯৫৭ | ০১.০৩.১৯৫৯ | জনাব মোহাম্মদ আব্দুল হামিদ (ইনডেক্স নং-০৫৩৯৯৮), এবতেদায়ী প্রধান, লোহাদী দারুল উলুম বালিকা আলিম মাদরাসা এর এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ মুদ্রিত আছে। অপরদিকে জন্ম তারিখ প্রমাণক দাখিল সনদে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৯ উল্লেখ আছে।<br>এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৭) ও দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৯) ভিন্ন হওয়ায় দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৯) অনুযায়ী এমপি শীটে জন্ম তারিখ সংশোধনের জন্য অধ্যক্ষ কর্তৃক জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে।<br>দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ আব্দুল হামিদ ১৯৯৭ সালে প্রথম এমপিওভুক্ত হন। জন্ম তারিখ সম্বলিত ১ম এমপিও সিট ১৯৯৭ সালে প্রকাশিত হয়। ১ম এমপিও সিটেই (১৯৯৭খ্রি:) তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যহত আছে। সংশোধনের জন্য ইতোপূর্বে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।<br>১ম এমপিও কপিতে জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ মুদ্রিত হওয়া সত্তেও দীর্ঘ (১৯৯৭-২০১৭) ২০ (বিশ) বছর যাবৎ তা দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৯) অনুযায়ী সংশোধনের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।<br>উল্লেখ্য যে, একই এমপিও শিটে জন্ম তারিখসহ বেতন-ভাতাদির বিবরণ উল্লেখ থাকে। দীর্ঘ ২০ (বিশ) বছর যাবৎ এমপিও শিটে তাঁর (জনাব মোহাম্মদ আব্দুল হামিদ) নামের বিপরীতে উল্লিখিত বেতন-ভাতাদি সঠিক হিসেবে স্বীকার করে নিয়ে তিনি বেতন-ভাতা উত্তোলন করেছেন। একই এমপিও শিট হওয়ায় সে এমপিও শিটেই তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ থাকা সত্তেও দীর্ঘ ২০ (বিশ) বছরেও তা সংশোধনের নিমিত্ত কোন পদক্ষেপ গ্রহণ না করায় তিনি এমপিও শিটের জন্ম তারিখটিকেই সঠিক হিসেবে স্বীকার করে সে মতে এমপিও গ্রহণ করেছেন মর্মে স্পষ্ট হয়।<br>উল্লেখ্য যে, স্বাক্ষ্য আইনের ১১৫ নং ধারায় উল্লিখিত হয়েছে **"যখন এক ব্যক্তি তাহার ঘোষণা, কার্য বা কার্য বিরতির দ্বারা স্বেচ্ছায় অন্য ব্যক্তিকে কিছু সত্য বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়েছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন , তখন উহাদের মধ্যে বা উহাদের প্রতিনিধিদের মধ্যে কোন মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্বীকার করতে পারবেন না "। অর্থাৎ যা স্বাক্ষ্য আইন অনুযায়ী estoppel এর আওতায় পড়ে।**<br>**উপরিউক্ত মতে** দীর্ঘ ২০ (বিশ) বছর যাবৎ স্বজ্ঞানে, জেনে-বুঝে তাঁর (জনাব মোহাম্মদ আব্দুল হামিদ) নামের বিপরীতে উল্লিখিত বেতন-ভাতাদি (এমপিও) সঠিক মর্মে বেতন-ভাতা উত্তোলন করেছেন। ঠিক সেই এমপি শিটেই উল্লিখিত তাঁর জন্ম তারিখ (০১.০৩.১৯৫৭)দীর্ঘ ২০ (বিশ) বছরেও সংশোধনের |

চলমান-০২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | পদক্ষেপ গ্রহণ না করায় তিনি তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ হিসেবে স্বীকার নিয়েছেন মর্মে স্পষ্ট হয় যা তিনি কোন ভাবেই অস্বীকার করতে পারেন না (স্বাক্ষ্য আইনের estoppel এর বিধান মতে)।<br>বর্ণিত আলোচনা মতে জনাব মোহাম্মদ আব্দুল হামিদ এর এমপিও শিটে বিদ্যমান জন্ম তারিখটিই (০১.০৩.১৯৫৭) তাঁর জন্ম তারিখ হিসেবে বিবেচিত হবে এবং এমপিও শিটে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৯ হিসেবে সংশোধনের কোন সুযোগ আছে মর্মে এ অধিদপ্তর মনে করে না।<br>বর্ণিত মতে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন লোহাদী দারুল উলুম বালিকা আলিম মাদরাসার এবতেদায়ী প্রধান জনাব মোহাম্মদ আব্দুল হামিদ ((ইনডেক্স নং-০৫৩৯৯৮) এর এমপি শিটে বিদ্যমান জন্ম তারিখটি (১.০৩.১৯৫৭) স্বাক্ষ্য আইনের ১১৫ নম্বর ধারার বিধান মতে সংশোধনের কোন সুযোগ নেই।<br>সিদ্ধান্ত: উপরিউক্ত মতে দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৯) অনুযায়ী তাঁর {মোহাম্মদ আব্দুল হামিদ (ইনডেক্স নং-০৫৩৯৯৮)} জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদন নামঞ্জুর করা হলো। |
| ২ | মোহাম্মদ তোফাজ্জল সরকার, (ইনডেক্স নং-৩৮২৬৮৯), সহকারী মৌলভি, তেবাড়িয়া ঈদগাহ দ্বি-মুখী সিনিয়র আলিম মাদরাসা, খানসামা, দিনাজপুর। | ১১৪৪৬<br>২৯.১০.২০১৭ | ০১.০৩.১৯৫৭ | ০১.০৩.১৯৬৭ | জনাব মোহাম্মদ তোফাজ্জল সরকার, (ইনডেক্স নং-৩৮২৬৮৯), সহকারী মৌলভি, তেবাড়িয়া ঈদগাহ দ্বি-মুখী সিনিয়র আলিম মাদরাসা, এর এমপিও সিটে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ মুদ্রিত আছে। অপরদিকে জন্ম তারিখ প্রমাণক দাখিল সনদে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৬৭ উল্লেখ আছে।<br>এমপিও সিটে মুদ্রিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৭) ও দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৬৭) ভিন্ন হওয়ায় দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৬৭) অনুযায়ী এমপি সিটে জন্ম তারিখ সংশোধনের জন্য অধ্যক্ষ কর্তৃক জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এ অধিদপ্তরে আবেদন করা হয়।<br>দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ তোফাজ্জল সরকার ১৯৯৮ সালে প্রথম এমপিওভুক্ত হন। জন্ম তারিখ সম্বলিত ১ম এমপিও সিট ১৯৯৮ সালে প্রকাশিত হয়। ১ম এমপিও সিটেই (১৯৯৮খ্রি:) তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যহত আছে। সংশোধনের জন্য ইতোপূর্বে জন্ম তারিখ সংশোধনের নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বিগত ০৮.১০.২০১৫ তারিখে এবং জেলা শিক্ষা অফিসার বরাবর ২৩.০২.২০১৬ তারিখে আবেদন করা হয়েছিল মর্মে আদেনের সাথে সংযুক্ত তথ্যে উল্লিখিত হয়েছে । তবে এর সপেক্ষে কোন প্রমাণক দাখিল করা হয়নি।<br>উল্লেখ্য যে, একই এমপিও শিটে জন্ম তারিখসহ বেতন-ভাতাদির বিবরণ উল্লেখ থাকে। দীর্ঘ (১৯৯৮-২০১৭) ২০ (বিশ) বছর যাবৎ যে এমপি শিটে তাঁর {(জনাব মোহাম্মদ তোফাজ্জল সরকার, (ইনডেক্স নং-৩৮২৬৮৯)}নামের বিপরীতে উল্লিখিত বেতন-ভাতাদি সঠিক হিসেবে স্বীকার করে নিয়ে তিনি বেতন-ভাতাদি উত্তোলন করেছেন। একই এমপিও শিট হওয়ায় সে এমপি শিটেই তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ থাকা সত্বেও দীর্ঘ ২০ (বিশ) বছরেও তা সংশোধনের নিমিত্ত কোন পদক্ষেপ গ্রহণ না করায় তিনি এমপিও শিটের জন্ম তারিখটিকেই উল্লেখ্য যে, স্বাক্ষ্য আইনের ১১৫ নং ধারায় উল্লিখিত হয়েছে **"যখন এক ব্যক্তি তাহার ঘোষণা, কার্য বা কার্য বিরতির দ্বারা স্বেচ্ছায় অন্য ব্যক্তিকে কিছু সত্য বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়েছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন , তখন উহাদের মধ্যে বা উহাদের প্রতিনিধিদের মধ্যে কোন মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্বীকার করতে পারবেন না "। অর্থাৎ যা স্বাক্ষ্য আইন অনুযায়ী estoppel এর আওতায় পড়ে।**<br>**উপরিউক্ত মতে** দীর্ঘ ২০ (বিশ) বছর যাবৎ স্বজ্ঞানে, জেনে-বুঝে তাঁর (জনাব মোহাম্মদ তোফাজ্জল সরকার) নামের বিপরীতে উল্লিখিত বেতন-ভাতাদি (এমপিও) সঠিক মর্মে স্বীকার করে বেতন-ভাতা (এমপিও) উত্তোলন করেছেন। ঠিক সেই এমপি শিটেই উল্লিখিত তাঁর জনম তারিখ (০১.০৩.১৯৫৭)দীর্ঘ ২০ (বিশ) বছরেও সংশোধনের পদক্ষেপ গ্রহণ না করায় তিনি তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৭ হিসেবে স্বীকার নিয়েছেন মর্মে স্পষ্ট হয় যা তিনি কোন ভাবেই অস্বীকার করতে পারেন না (স্বাক্ষ্য আইনের estoppel এর বিধান মতে)।<br>বর্ণিত আলোচনা মতে জনাব মোহাম্মদ তোফাজ্জল সরকার এর এমপিও শিটে বিদ্যমান জন্ম তারিখটিই (০১.০৩.১৯৫৭) তাঁর জন্ম তারিখ হিসেবে বিবেচিত হবে এবং এমপিও শিটে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৬৭ হিসেবে সংশোধনের |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | কোন সুযোগ আছে মর্মে এ অধিদপ্তর মনে করে না।<br>বর্ণিত মতে দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন তেবাড়িয়া ঈদগাহ দ্বি-মুখী সিনিয়র আলিম মাদরাসার সহকারী মৌলভি, মোহাম্মদ তোফাজ্জল সরকার, (ইনডেক্স নং-৩৮২৬৮৯) এর এমপি শিটে বিদ্যমান জন্ম তারিখটি (১.০৩.১৯৫৭) স্বাক্ষ্য আইনের ১১৫ নম্বর ধারার বিধান মতে সংশোধনের কোন সুযোগ নেই।<br>সিদ্ধান্ত: উপরিউক্ত মতে দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৬৭) অনুযায়ী তাঁর {মোহাম্মদ তোফাজ্জল সরকার (ইনডেক্স নং-৩৮২৬৮৯)} জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদন নামঞ্জুর করা হলো। |

০৪. উপরিউক্ত মতে লোহাদী দারূল উলুম বালিকা আলিম মাদরাসার এবতেদায়ী প্রধান জনাব মোহাম্মদ আব্দুল হামিদ (ইনডেক্স নং-০৫৩৯৯৮) এবং তেবাড়িয়া ঈদগাহ দ্বি-মুখী সিনিয়র আলিম মাদরাসার সহকারী মৌলভি জনাব মোহাম্মদ তোফাজ্জল সরকার (ইনডেক্স নং-৩৮২৬৮৯) এর দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী তাঁদের জন্ম তারিখ সংশোধনের কোন সুযোগ নেই।

০৫. এমতাবস্থায় বিষয়টি নির্দেশক্রমে মহোদয়ের গোচরে নেয়া হলো।

14.08.18

(মো:আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৪১০৩০১৬৭

০১. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
০২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

অনুলিপি:

১.সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল ও রংপুর অঞ্চল।
৩.জেলা শিক্ষা অফিসার, গাজীপুর ও দিনাজপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাপাসিয়া, গাজীপুর ও খানসামা, দিনাজপুর।
৫.অফিস কপি।